## অধ্যায় ৯
## এলাকার উন্নয়ন

### ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের মধ্যে পার্থক্য
- গ্রাম ও শহরের নাগরিক সমস্যাসমূহ
- নিজ এলাকাকে উন্নত এলাকায় পরিণত করার কৌশল

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

আমাদের মধ্যে কেউ গ্রামে আবার কেউ শহরে বাস করে। প্রত্যেকের বসবাসের এলাকাই হলো নিজ এলাকা। ভালোভাবে বসবাসের জন্য প্রত্যেকেরই নিজ নিজ এলাকাকে সুন্দর, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে। সেই সাথে অবকাঠামোর উন্নয়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণে সবাইকে সচেতন হতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টাতেই আমাদের এলাকার উন্নয়ন হবে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. গ্রামীণ অঞ্চলের দুইটি সুবিধা উল্লেখ কর।**

**উত্তর :** গ্রামীণ অঞ্চল বলতে পাড়া, গ্রাম, ওয়ার্ড ও ইউনিয়নকে বোঝায়। এই অঞ্চলের দুটি সুবিধা হলো :

র. নিরাপদ খাবার পানির জন্য নলকূপের ব্যবস্থা রয়েছে।

রর. জলবদ্ধতামুক্ত থাকার জন্য নালা ও খালের ব্যবস্থা রয়েছে।

**২. কীভাবে রাস্তা-ঘাট ও সেতু মেরামত করা সম্ভব?**

**উত্তর :** এলাকার রাস্তা-ঘাট ও সেতু মেরামত করার জন্য এলাকার লোকজনকে জানাতে হবে। প্রয়োজনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ওয়ার্ড মেম্বারের সাথে যোগাযোগ করতে হবে। সবার সম্মিলিত সহযোগিতায় রাস্তা-ঘাট ও সেতু মেরামত করা সম্ভব।

**৩. শহর অঞ্চলের দুইটি সুবিধা উল্লেখ কর।**

**উত্তর :** শহরাঞ্চল বলতে পাড়া, মহল্লা, ওয়ার্ড ও পৌরসভাকে বোঝায়। এই অঞ্চলের দুইটি সুবিধা হলো :

র. পর্যাপ্ত বিদ্যুৎ ব্যবস্থা বিদ্যমান।

রর. যাতায়াতের জন্য উন্নত রাস্তা-ঘাট ও পরিবহন ব্যবস্থা বিদ্যমান।

**৪. কীভাবে পানি ও গ্যাস লাইন মেরামত করা সম্ভব?**

**উত্তর :** শহরাঞ্চলে পানি ও গ্যাস লাইন সংশ্লিষ্ট বিষয় পৌরসভা বা সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত হয় । এই কারণে এসব বিষয়ে কোনো সমস্যা বা লাইন মেরামত করতে হলে মেয়র এবং কাউন্সিলরকে জানাতে হবে। তারাই পানি ও গ্যাস লাইন মেরামতের ব্যবস্থা করবেন।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. আবহাওয়ার কোন কোন কারণে স্থাপনার ক্ষতি হয়?**

**উত্তর :** বৈরী আবহাওয়া, তথা– প্রচুর বৃষ্টিপাত, ঘূর্ণিঝড়, বন্যা, খরা প্রভৃতি কারণে স্থাপনার ক্ষতি হয়।

**২. এলাকায় কোনোকিছু মেরামত করার দায়িত্ব কার?**

**উত্তর :** এলাকার কোনোকিছু মেরামত করার দায়িত্ব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। এই ক্ষেত্রে শহরাঞ্চল হলে মেয়র এবং কাউন্সিলর অন্যদিকে গ্রামাঞ্চল হলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং ওয়ার্ড মেম্বার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভূমিকা পালন করে থাকে।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

**বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ**

| | |
|---|---|
| ক) গ্রামাঞ্চলে একটি বাড়িতে প্রয়োজন | মেয়র। |
| খ) গ্রামাঞ্চলের সুবিধা হলো | যথাযথ হাটবাজারের ব্যবস্থা। |
| গ) গ্রামাঞ্চলে অসুবিধা জানানো উচিত | স্বাস্থ্যসম্মত পায়খানা। |
| ঘ) শহরাঞ্চলে সুবিধা হলো | চেয়ারম্যানকে। |
| ঙ) শহরাঞ্চলের অভিভাবক হলেন | পার্কের ব্যবস্থা। |
| | মেম্বার। |

**উত্তর :**

ক) গ্রামাঞ্চলে একটি বাড়িতে প্রয়োজন **স্বাস্থ্যসম্মত পায়খানা।**

খ) গ্রামাঞ্চলের সুবিধা হলো **যথাযথ হাটবাজারের ব্যবস্থা।**

গ) গ্রামাঞ্চলে অসুবিধা জানানো উচিত **চেয়ারম্যানকে।**

ঘ) শহরাঞ্চলে সুবিধা হলো **পার্কের ব্যবস্থা।**

ঙ) শহরাঞ্চলের অভিভাবক হলেন **মেয়র।**

**শুদ্ধ/অশুদ্ধ নির্ণয় কর :**

ক) ময়লা-আবর্জনা ফেলার জন্য নির্দিষ্ট জায়গার প্রয়োজন নেই।

খ) স্বাস্থ্যসম্মত পায়খানার মাধ্যমে পরিবেশ দূষিত হয়।

গ) গ্রামাঞ্চলে চলাচলের জন্য প্রশস্ত রাস্তা প্রয়োজন।

ঘ) জমে থাকা পানিতে মশা-মাছি জন্মে।

ঙ) শহরাঞ্চলে বিদ্যুৎ ও গ্যাসের ব্যবস্থা রয়েছে।

**উত্তর : ক)** 'অশুদ্ধ' **খ)** 'অশুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

**শূন্যস্থান পূরণ**

ক) গ্রামাঞ্চলে — মুক্ত রাখার জন্য প্রয়োজন নালা এবং খাল।

খ) স্থানীয় পর্যায়ে গ্রামীণ সুবিধাগুলোর — সবার কাজ করা উচিত।

গ) গ্রামরে প্রতিটি বাড়িতে থাকা প্রয়োজন — পায়খানা।

ঘ) শহরাঞ্চলে চলাচলের জন্য রাস্তা হতে হয় —।

ঙ) শহরাঞ্চলে সুযোগ সুবিধার জন্য পৌরসভার মেয়র এবং — জানাতে হবে।

**উত্তর : ক)** জলাবদ্ধতা **খ)** উন্নয়নে **গ)** স্বাস্থ্যসম্মত **ঘ)** প্রশস্ত **ঙ)** কাউন্সিলরকে।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### গ্রামাঞ্চল

**সাধারণ**

**১. এলাকায় খালের অভাবে কী হয়?** গ

ক. মাছের সংকট দেখা দেয়
খ. যাতায়াতের অসুবিধা হয়
গ. জলাবদ্ধতা সৃষ্টি হয়
ঘ. খাবার পানির সংকট দেখা দেয়

**২. আমাদের বসবাসের স্থান ও তার আশেপাশের স্থান নিয়ে কোনটি গড়ে ওঠে?** ঘ

ক বিদ্যালয় খ ওয়ার্ড
গ রাস্তাঘাট ঘ এলাকা

**৩. নিজ এলাকা উন্নত করার জন্য কী দরকার?** ঘ

ক পর্যাপ্ত অর্থ
খ সরকারি অনুমোদন
গ এনজিওর সহযোগিতা
ঘ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা

**৪. গ্রামে নিরাপদ পানির উৎস কোনটি?** খ

ক পুকুর খ টিউবওয়েল
গ খাল ঘ নদী

**যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** এলাকার নষ্ট হওয়া সুযোগ-সুবিধা সম্পর্কে কর্তৃপক্ষকে জানাতে পারব।

**৫. তোমার এলাকার সেতর রেলিং ভেঙে যাচ্ছে তুমি প্রথমে কাকে জানাবে?** গ

ক প্রতিবেশীকে খ প্রকৌশলীকে

(গ) চেয়ারম্যানকে (ঘ) শিৰককে

৬. **এলাকায় নিরাপদ পানির অভাবে কী হবে?** (ক)

ক. মানুষের রোগ-ব্যাধি হবে

খ. গোসলের সমস্যা হবে

গ. ফসলের সেচ ব্যাহত হবে

ঘ. কাপড় ধুতে সমস্যা হবে

**শহরাঞ্চল**

➲ সাধারণ

৭. **কোনটি শহর এলাকার সুযোগ-সুবিধার অন্তর্গত?** (ঘ)

(ক) সাঁকো (খ) পুকুর

(গ) সেচ ব্যবস্থা (ঘ) রাস্তার বাতি

৮. **মহল্লার উন্নত পরিবেশের জন্য কোনটি বেশি প্রয়োজন?** (ঘ)

ক. গাছপালা খ. খাল

গ. খেলার মাঠ ঘ. ড্রেন

৯. **মহল্লার উন্নয়নে কাকে সুপারিশ করব?** (খ)

(ক) সংসদ সদস্যকে (খ) মেয়রকে

(গ) মেম্বারকে (ঘ) চেয়ারম্যানকে

১০. **রাস্তা, সেতু, সাঁকো ইত্যাদি তৈরি কোন ধরনের কাজ?** (ক)

(ক) উন্নয়নমূলক (খ) ৰতিকর

(গ) বিপজ্জনক (ঘ) সুবিধাজনক

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** যথাযথ সুযোগ-সুবিধার অভাবে সৃষ্ট সমস্যা সম্পর্কে জানতে পারব।

১১. **জুয়েলদের বাসার কল দিয়ে ইদানাং দুর্গন্ধযুক্ত পানি আসছে। এই পানি সরাসরি পান করলে–** (ক)

(ক) রোগ-ব্যাধি হতে পারে

(খ) শোনার সমস্যা হতে পারে

(গ) আর্থিক সমস্যা হবে

(ঘ) শরীর দুর্বল হয়ে যাবে

১২. **জীবন যাপন অস্বাস্থ্যকর হয় কেন?** (ক)

(ক) ডাস্টবিন ও ড্রেনের অভাবে

(খ) পার্ক ও রাস্তাঘাটের অভাবে

(গ) পানি ও পুকুরের অভাবে

(ঘ) বিদ্যুৎ ও গ্যাসের অভাবে

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **গ্রামাঞ্চলের যাবতীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা কার দায়িত্ব?**

**উত্তর :** গ্রামাঞ্চলের যাবতীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং ওয়ার্ড মেম্বারের দায়িত্ব।

২. **শহরাঞ্চলের সামাজিক পরিবেশ উন্নয়নের দায়িত্ব কার?**

**উত্তর :** শহরাঞ্চলের সামাজিক পরিবেশ উন্নয়নের দায়িত্ব সিটি কর্পোরেশনের বা পৌরসভার।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ সাধারণ

১. **শহরের উন্নত পরিবেশের জন্য কোন সুযোগটি সবচেয়ে বেশি প্রয়োজন? এ সম্পর্কে চারটি বাক্য লেখ।**

**উত্তর :** শহরের উন্নত পরিবেশের জন্য ময়লা নিষ্কাশনের ড্রেন সবচেয়ে বেশি প্রয়োজন।

ড্রেনের প্রয়োজনীয়তা সম্পর্কে নিচে চারটি বাক্য লেখা হলো :

র. পর্যাপ্ত ড্রেন না থাকলে শহরের পরিবেশ দূষিত হবে।

রর. সামান্য বৃষ্টিতে বা বর্ষাকালে রাস্তাঘাট পানিতে সয়লাব হয়ে যাবে এবং লোকজন পানিবন্দি হয়ে পড়বে।

ররর. যাতায়াত ও কাজকর্মে সমস্যা সৃষ্টি হবে।

রা. বিভিন্ন রোগ-জীবাণু ছড়াবে এবং জীবন যাপন অস্বাস্থ্যকর হয়ে পড়বে।

২. **নিজ এলাকায় বিভিন্ন সুযোগ-সুবিধা গড়ে তোলার জন্য আমরা কী কী করতে পারি?**

**উত্তর :** নিজ এলাকায় বিভিন্ন সুযোগ-সুবিধা গড়ে তোলার জন্য আমাদের করণীয় অনেক কিছু রয়েছে। যেমন–

র. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারকে এলাকার উন্নয়নের জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধির কথা বলতে পারি।

রর. এলাকায় রাস্তা, সেতু, সাঁকো ইত্যাদি তৈরির কাজে অংশ নিতে পারি।

ররর. মানুষকে এলাকার উন্নয়নমূলক কাজে সচেতন করতে পারি।

রা. এলাকা সুন্দর রাখার জন্য গাছ লাগাতে ও ফুলের বাগান তৈরি করতে পারি।

।. এলাকায় নষ্ট হওয়া সুযোগ-সুবিধাসমূহ মেরামত করতে পারি।

।র. এলাকায় কোনো সুযোগ-সুবিধা তৈরির পর তা রক্ষণাবেক্ষণে অংশ নিতে পারি।

**৩. গ্রামাঞ্চলে উন্নত এলাকার যেসব অপরিহার্য সুযোগ-সুবিধা থাকা দরকার তার পাঁচটি উল্লেখ কর।**

**উত্তর :** নিচে গ্রামাঞ্চলে উন্নত এলাকার যেসব অপরিহার্য সুযোগ-সুবিধা থাকা দরকার তার পাঁচটি উল্লেখ করা হলো:

র. যাতায়াতের জন্য রাস্তা-ঘাট, সেতু, সাঁকোর ব্যবস্থা করা।

রর. নিরাপদ পানির জন্য টিউবওয়েলের ব্যবস্থা করা ।

ররর. প্রতিটি বাড়িতে স্যানিটারি পায়খানার ব্যবস্থা করা ।

রা. বিদ্যুৎ ব্যবস্থা করা ।

।. পর্যাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের ব্যবস্থা নিশ্চিত করা ।

**৪. শহরাঞ্চলে উন্নত এলাকার যেসব সুযোগ-সুবিধা থাকা দরকার তার পাঁচটি উল্লেখ কর।**

**উত্তর :** শহরাঞ্চলে উন্নত এলাকার যেসব সুযোগ-সুবিধা থাকা দরকার তার পাঁচটি নিচে উল্লেখ করা হলো :

র. চলাচলের প্রশস্ত রাস্তার ব্যবস্থা করা ।

রর. ময়লা নিষ্কাশনের ড্রেন বা নালার ব্যবস্থা করা ।

ররর. নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা ।

রা. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা করা ।

।. পর্যাপ্ত গ্যাসের ব্যবস্থা করা ।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**৫. তোমাদের গ্রামটি অনুন্নত। কর্তৃপক্ষ কোন পাঁচটি পদক্ষেপ গ্রহণ করলে গ্রামের উন্নয়ন সম্ভব হবে বলে তুমি মনে কর?**

**উত্তর :** আমার গ্রামের উন্নয়নের জন্য কর্তৃপক্ষের পাঁচটি পদক্ষেপ :

র. সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হবে।

রর. উন্নত রাস্তাঘাট তৈরি করতে হবে।

ররর. সবার সুস্বাস্থ্যের উপায় নিশ্চিত করতে হবে।

রা. পর্যাপ্ত বিদ্যুৎ ব্যবস্থা থাকতে হবে।

।. বিনোদনের জন্য যথেষ্ট ব্যবস্থা থাকতে হবে।

**৬. মহল্লার সুযোগ-সুবিধা নিশ্চিত করতে তুমি কাকে জানাবে? তিনি কীভাবে মহল্লাকে বসবাসের উপযোগী করে তৈরি করতে পারেন?**

**উত্তর :** মহল্লার সুযোগ-সুবিধা নিশ্চিত করতে আমি সিটি কর্পোরেশনে বা পৌরসভার মেয়র এবং কাউন্সিলরকে জানাব।

তিনি নিম্নোক্ত কর্মকাে র মাধ্যমে মহল্লাকে বসবাসের উপযোগী করে তৈরি করতে পারেন :

র. সেতু বা রাস্তা মেরামতের মাধ্যমে।

রর. ময়লা নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে।

ররর. এলাকার সুযোগ-সুবিধাগুলোর রক্ষণাবেক্ষণ করে।

রা. মহল্লার চারপাশে বৃক্ষরোপণের মাধ্যমে।

।. খেলার জন্য উপযুক্ত খেলার মাঠ তৈরির মাধ্যমে।